

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৪৪৩

তারিখঃ ২২/০৫/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ বরিশাল জেলার গৌরনদী উপজেলার গৌরনদী আল-আমিন টেকনিক্যাল এন্ড বিএম কলেজের হিসাব বিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ মোয়াজ্জেম সরদার এর অবৈধ চাকুরীর মাধ্যমে প্রতিবছর বেতন ভাতাদির সরকারী অংশ বাবদ লক্ষ লক্ষ টাকা গ্রহনের অভিযোগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার গৌরনদী উপজেলার গৌরনদী আল-আমিন টেকনিক্যাল এন্ড বিএম কলেজের হিসাব বিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ মোয়াজ্জেম সরদার এর অবৈধ চাকুরীর মাধ্যমে প্রতিবছর বেতন ভাতাদির সরকারী অংশ বাবদ লক্ষ লক্ষ টাকা গ্রহনের একটি অভিযোগ পত্র "ABC" নামের প্রেরক এই দপ্তরে জমা করেন।

উক্ত অভিযোগ অনুসারে আপনার প্রতিষ্ঠানে জনাব মোঃ মোয়াজ্জেম সরদার, প্রভাষক, হিসাব বিজ্ঞান ২০০৬ সালে চাকুরীতে যোগদান করেন। ২০১০ সালে কলেজটি এমপিওভুক্ত হলেও অজানা কারনে দীর্ঘ সাত বছরেও এমপিও হতে না পেরে এবং উক্ত কলেজের চাকুরী থেকে পদত্যাগ না করে একই সাথে বাথী ডিগ্রী কলেজ, বরিশালে ২০১১ সালে মে মাসে সাচিবিক বিদ্যা বিষয়ের প্রভাষক পদে চাকুরীতে যোগদান করে এমপিও ভুক্ত (ইনডেক্স নং-৩০৮৫৮৪৭) হয়ে ২০১৪ সালের মে পর্যন্ত বেতন ভাতাদির সরকারী অংশের টাকা গ্রহন করেন এবং উক্ত বিষয়ে "ABC" নামের আবেদনকারী তার বিরুদ্ধে তদন্ত পূর্বক জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেছেন।

অভিযোগ যাচাই করে দেখা যায়, তিনি গৌরনদী আল-আমিন টেকনিক্যাল এন্ড বিএম কলেজে ২৬/০৬/২০০৬খ্রিঃ সালে যোগদান করেন কিন্তু উক্ত প্রতিষ্ঠান থেকে পদত্যাগ না করে বাথী ডিগ্রী কলেজ বরিশালে ১০/০৫/২০১১খ্রিঃ যোগদান করে ২০১২ সালের নভেম্বর মাসে এমপিওভুক্ত হন। পরবর্তী সময়ে গৌরনদী আল-আমিন প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত (ইনডেক্স নং-১৪২৫০২১৭) হলে ২০১৪ সালে পুনরায় হিসাব বিজ্ঞান পদে এমপিওভুক্ত হয়ে অদ্যবধি বেতন ভাতা উত্তোলন করছেন।

এমতাবস্থায় বর্ণিত অভিযোগের সুস্পষ্ট প্রমাণকসহ ব্যাখ্যা বাথী ডিগ্রী কলেজে তাঁর নিয়োগ ও যোগদান/এমপিওভুক্তি সহ সকল এমপিওশীট, সর্বশেষ বেতনভাতা উত্তোলনের প্রমাণক এবং গৌরনদী আল-আমিন টেকনিক্যাল এন্ড বিএম কলেজে তার নিয়োগ/যোগদান, এমপিওভুক্তি সহ সদয় এমপিওশীট এবং বেতন ভাতা উত্তোলনের হালনাগাদ তথ্য আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে এই দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক

১। অধ্যক্ষ

গৌরনদী আল-আমিন টেকনিক্যাল এন্ড বিএম কলেজ
গৌরনদী, বরিশাল।

২। জনাব মোঃ মোয়াজ্জেম সরদার, প্রভাষক (হিসাব বিজ্ঞান)

গৌরনদী আল-আমিন টেকনিক্যাল এন্ড বিএম কলেজ
গৌরনদী, বরিশাল।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৪৪৩(০৬)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, বরিশাল।

২। উপ-সচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩। সভাপতি, গৌরনদী আল-আমিন টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, গৌরনদী, বরিশাল।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

৫। পিএ.টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। সংরক্ষণ নথি।


স্বাক্ষরিত/-

(ড. মোঃ নুরুল ইসলাম)

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

তারিখঃ ২২/০৫/২০১৮ খ্রিঃ


(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।